দলীয় প্রার্থী যেই হোক তার পক্ষে কাজ করতে হবে– এমপি টগর

দর্শনা পৌর উপ-নির্বাচন উপলক্ষে দর্শনা পৌর আওয়ামী লীগের বর্ধীত সভা ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে পৌর আওয়ামী লীগের আয়োজনে পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে বর্ধীত সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা-২ আসনের জাতীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন আওয়ামী লীগের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে স্বাধীনতা বিরোধী অপশক্তিরা।

তারা যতই অপশক্তি চালাক না কেনো, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে উন্নয়ন কর্মকান্ড অব্যাহত থাকবে। আপনারা জানেন দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান গত ২৭ ডিসেম্বর মারা যান, মতিয়ারের মৃত্যুতে দলের অপুরনীয় ক্ষতি হয়েছে যা, পুরণ হবার নয়। আগামী ১৬ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে দর্শনা পৌরসভার উপ-নির্বাচন। নির্বাচনকে ঘিরে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীরা ইতিমধ্যে দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক বরাবর দলীয় মনোনয়ন চেয়ে আবেদন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাকেই দলীয় প্রার্থী মনোনীত করুক না কেনো তার পক্ষে সবাই কাদে কাদ মিলিয়ে নৌকার পক্ষে কাজ করতে হবে। কেউ নৌকার বিপক্ষে গেলে তাকে দল থেকে কঠিন শাস্তি দেওয়া হবে।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু’র উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাহাফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি মোজাহারুল ইসলাম,দর্শনা পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি হাজী শহিদুল ইসলাম, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি হুমায়ুন কবীর, আরো উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা এরশাদ মাষ্টার, লিয়াকত আলী, আ:লীগ নেতা আমির হোসেন, সিরাজুল

ইসলাম, বীরমুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, ইদ্রিস আলী, হায়দার আলী, দাউদ হোসেন, আব্দুল হান্নান সহ দর্শনা পৌর আওয়ামী লীগের ৯ টি ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ। অনান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পত্র চেয়ে যারা আবেদন করেছেন তারা হলো দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক কোষাধ্যক্ষ প্রয়াত মেয়র মতিয়ার রহমানের সহোদর আতিয়ার রহমান হাবু, দর্শনা কলেজ ছাত্রলীগের সাবেক ভিপি ও জিএস আবু সাঈদ মোহাম্মদ হাসান, দর্শনা পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা পৌর যুবলীগের সভাপতি আশরাফুল আলম বাবু, সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রবিউল হক সুমন।